# 2024

## 5th Semester Examination

## BENGALI (Honours)

## Paper : DSE 1-T

[CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

**[প্রাচীন সাহিত্যতত্ত্ব ও সাহিত্যতাত্ত্বিক]**

**বিভাগ - ক**

যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। নাট্যরস কয়প্রকার ও কী কী?

২। 'রীতিরাত্মা কাব্যস্য' কার উক্তি? এই বিষয়ে কোন্ গ্রন্থে আলোচনা করা হয়েছে?

৩। অনুভাব বলতে কী বোঝো?

৪। অভিনব গুপ্ত কে ছিলেন? তিনি কোন্ মতবাদের প্রবক্তা?

৫। আচার্য বামন্ কোন্ শতাব্দীর আলংকারিক ছিলেন? তাঁর রচিত একটি গ্রন্থের নাম লেখো।

P.T.O.

৬। দু'জন ধ্বনিবাদী আলংকারিকের নাম লেখো।

৭। 'ধ্বন্যালোক' এবং 'সাহিত্যদর্পণ' গ্রন্থদ্বয়ের রচয়িতার নাম লেখো।

৮। ভরতের লেখা গ্রন্থটির নাম কী? তিনি কোন্ সময়ের কবি?

৯। শব্দের ত্রিবিধ অর্থ কী কী?

১০। ঔচিত্যবাদের প্রবক্তা কে? তিনি কোন্ শতাব্দীর কবি ছিলেন?

১১। 'দৃশ্যকাব্য' বলতে কী বোঝো?

১২। বাচ্যার্থ ও ব্যঙ্গার্থের দু'টি পার্থক্য লেখো।

১৩। স্থায়ী ভাব কাকে বলে?

১৪। গুণ বলতে কী বোঝো?

১৫। বিভাব কয় প্রকার ও কী কী?

## বিভাগ - খ

যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। টীকা লেখো : নাটকের পঞ্চসন্ধি

১৭। সংক্ষেপে লেখো : গুণীভূত ব্যঙ্গকাব্য

১৮। কাব্যের অনৌচিত্য দোষ বলতে কী বোঝো তা আলোচনা করো।

১৯। টীকা লেখো : আনন্দবর্ধন

২০। টীকা লেখো : মাধুর্য গুণ

২১। কবিদের অত্যাবশ্যক যে তিনটি ধর্ম সম্পর্কে দণ্ডী আলোচনা করেছেন তা উল্লেখ করো।

## বিভাগ - গ

যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। 'রস ও কাব্যের জগৎ অলৌকিক মায়ার জগৎ' — আলোচনা করো।

২৩। 'কাব্যং গ্রাহ্যম্ অলংকারাৎ।' — মন্তব্যটির যথার্থতা বিচার করো।

২৪। বক্রোক্তিবাদ কী? কাব্য নির্মাণে-এর গুরুত্ব বিচার করো।

২৫। ভারতীয় অলংকার শাস্ত্রে ভামহের ভূমিকা আলোচনা করো।

---

P.T.O.

অথবা

**[বাংলা সাহিত্যে প্রভাব]**

**বিভাগ - ক**

যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। পুরাণ প্রভাবিত রবীন্দ্রনাথের দু'টি কবিতার নাম লেখো।

২। পুরাণ কাহিনী অবলম্বনে লেখা মধুসূদনের দু'টি কাব্যের নাম লেখো।

৩। রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় কালিদাসের কোন্ কাব্য অনুবাদ করেন? রচনাটির প্রকাশকাল লেখো।

৪। প্রকাশকালসহ হেমচন্দ্রের পুরাণ প্রভাবিত কাব্যটির নাম লেখো।

৫। পাশ্চাত্যের কোন্ সাহিত্যিকের কোন্ রচনার অনুরূপ রবীন্দ্রনাথের 'চিরকুমার সভা'র কাহিনী?

৬। গ্রিক পুরাণ অবলম্বনে লেখা মধুসূদন রচিত নাটকের নাম প্রকাশকালসহ লেখো।

৭। সুধীন্দ্রনাথ দত্ত রচিত যে-কোনো দু'টি কবিতার নাম লেখো যার মধ্যে টি. এস. এলিয়ট-এর প্রভাব পাওয়া যায়।

৮। চার্লস ল্যাম্বের 'এলিয়ার' চরিত্রের সঙ্গে বাংলা সাহিত্যের কার নির্মিত কোন্ চরিত্রের তুলনা করা হয়?

৯। স্কট-এর 'আইভান হো' (Ivanhoe)-এর প্রভাবে প্রতাপচন্দ্র ঘোষ ও গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায় রচিত উপন্যাস দু'টির নাম লেখো।

১০। শেক্সপীয়রের প্রভাবে লেখা দ্বিজেন্দ্রলাল রায়ের দু'টি নাটকের নাম লেখো।

১১। বাংলা ভাষায় দু'জন উপনিষদ অনুবাদকের নাম লেখো।

১২। জীবনানন্দের কবিতায় টি. এস. এলিয়টের প্রভাব রয়েছে — এমন দু'টি কবিতার নাম লেখো।

১৩। রবীন্দ্রনাথের লোকসাহিত্য প্রভাবিত দু'টি প্রবন্ধের নাম লেখো।

১৪। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের এমন দু'টি উপন্যাসের নাম প্রকাশকালসহ লেখো যার মধ্যে লৌকিক-উপাদানের পরিচয় পাওয়া যায়।

১৫। ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের লোকসাহিত্য প্রভাবিত দু'টি রচনার নাম লেখো।

## বিভাগ - খ

যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। বঙ্কিমচন্দ্রের প্রবন্ধে কালিদাসের প্রভাবের সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৭। রবীন্দ্র নাটকে শেক্সপীয়রের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

১৮। বাংলা নাটকে মলিয়ের-এর প্রভাবের পরিচয় দাও।

১৯। বাংলা প্রবন্ধে ল্যাম্বের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

P.T.O.

২০। অবনীন্দ্রনাথের সাহিত্যে লোকসাহিত্যের প্রভাব বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।

২১। উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর সাহিত্যে লোকসাহিত্যের প্রভাবের সংক্ষিপ্ত পরিচয় দাও।

## বিভাগ - গ

যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। বিষ্ণু দে'র কবিতায় পুরাণের প্রভাব সম্পর্কে আলোচনা করো।

২৩। বাংলা কাব্যে এলিয়ট-এর প্রভাব সম্পর্কে আলোচনা করো।

২৪। বাংলা উপন্যাসের নির্মাণ কৌশলে স্কটের প্রভাব রয়েছে — আলোচনা করো।

২৫। তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসে লৌকিক উপাদানের পরিচয় দাও।

---

অথবা

**[সাহিত্য আন্দোলন, সমালোচনা ও রূপরীতি]**

**বিভাগ - ক**

যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। কোন্ প্রখ্যাত ইতিহাসবিদ্ 'পোস্ট-মডার্নিজম' শব্দটি প্রথম ব্যবহার করেন? সংশ্লিষ্ট গ্রন্থটির নাম উল্লেখ করো। ১+১

২। 'মডার্ন' শব্দটির উৎস কী? কোন্ সময় নাগাদ এই শব্দটির প্রথম ব্যবহার ঘটেছিল? ১+১

৩। 'কেউ নারী হয়ে জন্মায় না, নারী হয়ে ওঠে' — কে, কোন্ গ্রন্থে কথাটি বলেছিলেন? ১+১

৪। অ্যাবসারটিজম্-এর দু'টি বৈশিষ্ট্য লেখো।

৫। তুলনামূলক সমালোচনাতত্ত্বের দৃষ্টিভঙ্গিতে বিচার্য হতে পারে, এমন একটি বাংলা প্রবন্ধের নাম লেখকের নামসহ উল্লেখ করো। ১+১

৬। 'এক্সপ্রেশনিজম্' শব্দটির উল্লেখ কোন্ শিল্পমাধ্যমে প্রথমবার পাওয়া যায়? কে এই শব্দটি ব্যবহার করেছিলেন? ১+১

৭। 'দ্য মিথ অফ সিসিফাস' কার রচনা? কত সালে এটি প্রকাশিত হয়? ১+১

৮। হিস্টোরিকাল ক্রিটিসিজম-এর দু'টি বৈশিষ্ট্য লেখো।

৯। হিপোলাইত অ্যাডলফ তেইন প্রবর্তিত তিনটি সূত্রের উল্লেখ করো।

১০। কোন্ চিত্রশিল্পের প্রদর্শন 'ইমপ্রেশনিজম্' নামটি স্থির করতে সহায়তা করেছিল? এই চিত্রটি কোথায় প্রথম প্রদর্শিত হয়? ১+১

১১। প্রকাশকালসহ বাংলা ভাষায় রচিত দু'টি চেতনাপ্রবাহরীতির উপন্যাসের নাম লেখো। ১+১

১২। রবীন্দ্রনাথের দু'টি কাব্যনাট্যের নাম লেখো।

১৩। সনেটের দু'টি বৈশিষ্ট্য উল্লেখ করো।

১৪। মেলোড্রামার দু'টি উদাহরণ দাও। ১$\frac{১}{২}$+$\frac{১}{২}$

১৫। বাংলা ভাষায় মহাভারতীয় মিথ অবলম্বনে রচিত যে-কোনো দু'টি সাহিত্যকর্মের উদাহরণ দাও। ১+১

## বিভাগ - খ

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। দু'টি ভিন্ন দর্শন ভাবনা হিসেবে মডার্নিজম এবং পোস্ট মডার্নিজমের মৌলিক পার্থক্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

১৭। আধুনিক শিল্প আন্দোলনের ইতিহাসে, ইমপ্রেশনিস্ট ভাবধারার অবদান নিজের ভাষায় লেখো।

১৮। আর্কেটাইপাল ক্রিটিসিজ্‌ম-এর বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো। ২+৩

১৯। একটি বিশেষ রচনা প্রকরণ হিসেবে উপন্যাস ভাবনার 'চেতনাপ্রবাহ পদ্ধতি'র তাৎপর্য বিশ্লেষণ করো।

২০। উদাহরণসহযোগে নাট্যকাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

২১। টীকা লেখো : নৃত্যনাট্য।

## বিভাগ - গ

যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। ফেমিনিজম্ বলতে কী বোঝো? ফেমিনিজম্ আন্দোলনের সংক্ষিপ্ত পরিচয় দাও।

২৩। মিথ ক্রিটিসিজম্-এর স্বরূপ আলোচনা করো।

২৪। ব্যালাড কাকে বলে? ব্যালাডের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

২৫। আত্মজীবনীমূলক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি একটি উপন্যাসের দৃষ্টান্ত অবলম্বনে আলোচনা করো।

---